

কেরানীগঞ্জে ২৭ জন তরুণ আটক : সাংবিধানিক ও আইনগত অধিকার নিশ্চিত করার জন্য এইচআরএফবি-এর আহ্বান

কেরানীগঞ্জের আটিবাজার এলাকায় অভিযান চালিয়ে একটি কমিউনিটি সেন্টার থেকে ২৭ জন তরুণকে আটক করা এবং সমকামি হিসেবে চিহ্নিত করে ছবি প্রকাশের মাধ্যমে তাদের নিরাপত্তা ঝুঁকির মধ্যে ফেলে দেয়ায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা প্রকাশ করেছে। একই সাথে ফোরাম আটককৃত তরুণদের সাংবিধানিক ও আইনগত অধিকার নিশ্চিত করার দাবি জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যমসূত্রে জানা যায়, র্যাব-১০ গত ১৮ মে ২০১৭ গভীর রাতে কেরানীগঞ্জের আটিবাজার এলাকায় ছায়ানীড় কমিউনিটি সেন্টারে অভিযান চালিয়ে ২৭জন তরুণকে আটক করে যাদের বয়স ২০-৩০ বছরের মধ্যে। যদিও র্যাবের পক্ষ থেকে প্রাথমিকভাবে বিভিন্ন গণমাধ্যমে বলা হয়েছে, সমকামিতার উদ্দেশ্যে একদল তরুণ একটি কমিউনিটি সেন্টারে জড়ো হয়েছে এমন সংবাদের ভিত্তিতেই তাদের আটক করা হয়েছে কিন্তু হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করেছে যে, তাদেরকে মাদক আইনে গ্রেপ্তার করে রিমাণ্ডে নেয়া হয়েছে এবং সমকামি হিসেবে চিহ্নিত করে তরুণদের ছবি বিভিন্ন গণমাধ্যমে প্রকাশ করা হয়েছে।

ফোরাম মনে করে, এভাবে যথাযথ তদন্ত ও বিচারিক প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পূর্বেই তরুণদের সমকামি হিসেবে উপস্থাপনের ফলে তা তাদের ব্যক্তিগত নিরাপত্তাকে হুমকির মুখে ফেলার পাশাপাশি তাদের মানবিক মর্যাদাকে সংকটাপন্ন করে তুলেছে। ফোরাম দৃঢ়ভাবে বিশ্বাস করে, প্রতিটি নাগরিকের ব্যক্তিগত নিরাপত্তা আর মর্যাদার অধিকার রয়েছে। এইচআরএফবি কর্তৃপক্ষের কাছে আটককৃত তরুণদের সাংবিধানিক ও আইনগত অধিকার নিশ্চিত করাসহ মানবিক মর্যাদা ও নিরাপত্তার বিষয়সমূহ সর্বাধিক গুরুত্বের সাথে দেখার দাবী জানাচ্ছে। পাশাপাশি গণমাধ্যমকেও এক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য অনুরোধ করছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)